# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ► ভারতীয় উপমহাদেশের অন্তর্ভুক্ত একটি দেশে সামাজিক বিজ্ঞানের অন্যতম কনিষ্ঠ শাস্ত্রের বিকাশে বাঙালি জাতীয়তাবাদী লেখক রাধাকমল মুখার্জি, ডি এন মজুমদার, নির্মল কুমার বসু প্রমুখ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। এছাড়া কয়েকজন মার্কসবাদী সমাজচিন্তাবিদ সমাজ ও সংস্কৃতি বিষয়ে অনেক আলোচনা-সমালোচনা করেছেন। যা শাস্ত্রটির বিকাশে সহায়ক ভূমিকা রেখেছে।

ক. সমাজবিজ্ঞান কীরূপ বিজ্ঞান হিসেবে স্বীকৃত? ১

খ. সমাজবিজ্ঞানকে মানবতাবাদী বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে কোন দেশের কোন শাস্ত্র চর্চার পটভূমির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত দেশের সমাজবিজ্ঞান চর্চার ক্ষেত্রে উদ্দীপকে বর্ণিত লেখকগণ ব্যতীত অন্য কোনো লেখকের ভূমিকা রয়েছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২. ► বাংলাদেশের একটি স্বনামধন্য প্রকাশনা প্রতিষ্ঠান তার 'রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট'-এর কর্মীদের ওপর বাধ্যতামূলক কম্পিউটার ব্যবহারের নির্দেশনা জারি করে। কিন্তু কর্মীদের কেউ কেউ কম্পিউটার ব্যবহারে দক্ষ না হওয়ায় অফিসের কাজে জটিলতা সৃষ্টি হয়।

ক. উপাদানের ভিত্তিতে সংস্কৃতিকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ. বাংলাদেশের মানুষের পোশাক পরিচ্ছদ কীরূপ? ২

গ. উদ্দীপকে বাংলাদেশের কোন ক্ষেত্রে সাংস্কৃতিক ব্যবধানের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে সাংস্কৃতিক ব্যবধান কি কেবল উক্ত ক্ষেত্রেই পরিলক্ষিত হয়? সুচিন্তিত মতামত দাও। ৪

৩. ► রিফাত প্রত্নতাত্ত্বিক একটি যুগ ব্যাখ্যা করতে গিয়ে ছোট ভাইকে বললেন খ্রিস্টপূর্ব প্রায় ১৫০০ অব্দের দিকে এশিয়া মাইনরে হিটাইটিরা এ যুগের সূত্রপাত ঘটায় এবং এ যুগকেই মূলত আধুনিক সভ্যতার ভিত্তি বলা হয়। তিনি আরও

https://teachingbd24.com

উল্লেখ করেন এ যুগেই বিভিন্ন পেশাভিত্তিক সামাজিক শ্রেণি গোষ্ঠীর উদ্ভব ঘটে।
ক. নিম্নপ্রাচীন প্রস্তর যুগের আদি মানব কোন দেশের আদি বাসিন্দা ছিল? ১
খ. মহাস্থানগড়ের অবস্থান ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত রিফাত যে প্রত্নতাত্ত্বিক যুগের ইঙ্গিত দিয়েছেন সেটির ব্যাখ্যা করো। ৩
ঘ. 'রিফাতের উল্লিখিত যুগকে আধুনিক সভ্যতার মূলভিত্তি বলা হয়'— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ আলোচনা করো। ৪

৪.▶ সোহেল বাংলাদেশে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের নিয়ে লেখা একটি আর্টিকেল পড়ে জানতে পারে, বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকাংশই শেরপুর, নেত্রকোনা, ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলায় বাস করে। উক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠীর নিজস্ব কোনো লিপি বা অক্ষর নেই। বর্তমানে তারা বাংলা হরফেই নিজেদের ভাষা লিখছে। তবে তাদের মধ্যে অনেকেই বাংলা ভাষায় কথা বলতে পারে এবং বাংলা ও ইংরেজি লিখতে পারে।
ক. গারোদের ঐতিহ্যবাহী ধর্মের নাম কী? ১
খ. চাকমাদের দৈহিক বৈশিষ্ট্য লেখো। ২
গ. উদ্দীপকে বর্ণিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাথে বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠীর খাদ্যদ্রব্য, শিক্ষা ও অর্থনীতি সম্পর্কে তোমার ধারণা উপস্থাপন করো। ৪

৫.▶ '৬৯-এর গণআন্দোলনের মুখে পশ্চিম পাকিস্তানের সরকার একটি নির্বাচন দিতে বাধ্য হয়। আইনগত কাঠামোর অধীনে জাতীয় ও প্রাদেশিক পরিষদে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। উভয় পরিষদে আওয়ামী লীগ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে।
ক. কত সালে ভারত-পাকিস্তান বিভক্ত হয়? ১
খ. 'মৌলিক গণতন্ত্র আদেশ' ঘোষণা করে কীভাবে নাগরিকদের প্রত্যক্ষ ভোটের অধিকার থেকে বঞ্চিত করা হয়? ২
গ. উদ্দীপকে যে নির্বাচনের কথা বলা হচ্ছে তার তাৎপর্য তুলে ধরো। ৩
ঘ. উক্ত নির্বাচনের ফলাফল বিশ্লেষণ করো। ৪

৬.▶ গনি মিয়া গ্রামের একজন প্রভাবশালী ব্যক্তি। তার ক্ষেত-খামারে গ্রামের বেশির ভাগ কৃষক কাজ করে থাকে। মূলত তার জমিতে সবাই বর্গাচাষি হিসাবে কাজ করে। তারই এক বন্ধু শহরে থাকে। তিনি শহরের বিশিষ্ট শিল্পপতি ও রাজনীতিবিদ। এলাকায় নেতা হিসেবে তার বেশ নামডাক। তার কথায় মুহূর্তেই হাজার লোক জড়ো হয়।

teachingbd24.com
https://teachingbd24.com

ক. গ্রামীণ সমাজে সামাজিক স্তরবিন্যাসের মূল ভিত্তি কী? ১
খ. বর্গাচাষি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে গ্রামীণ ও শহুরে স্তরবিন্যাসের যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'গনি মিয়া ও তার বন্ধুর সামাজিক স্তরবিন্যাসে ভিন্ন ভিন্ন উপাদান কাজ করে'— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৭. ▶ বাংলাদেশের একজন বিশিষ্ট সমাজবিজ্ঞানীর লেখা বই পড়ে রুনা জানতে পারে, একটি বিশেষ সামাজিক প্রতিষ্ঠানের কথা যেটি কিনা পরিবারের ভিত্তি স্থাপন করে এবং এর ফলে পুরুষ ও মহিলা একত্রে বসবাস করার সামাজিক স্বীকৃতি লাভ করে।

ক. বিবাহের সংখ্যার ওপর নির্ভর করে বাংলাদেশের পরিবারকে মূলত কয় ভাগে ভাগ করা যায়? ১
খ. আকারভিত্তিক পরিবারের ধারণা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সামাজিক প্রতিষ্ঠানের শর্তসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের সমাজজীবনে উক্ত সামাজিক প্রতিষ্ঠানের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৮. ▶ সজল আলী দীর্ঘ ১৫ বছর পর সৌদি আরব থেকে দেশে ফিরেন। তিনি তার গ্রামের বাড়ি থেকে বেশ দূরে কৃষিজমি দেখতে পান। তিনি জমি দেখতে গিয়ে অবাক হয়ে লক্ষ করলেন যে, মানুষ এখন জমি চাষে গরুর হালের পরিবর্তে অত্যাধুনিক ট্রাক্টর এবং পাওয়ার টিলার ব্যবহার করছে। আর বিদ্যুৎচালিত মোটর দিয়ে জমিতে সেচ দিচ্ছে এবং ফসল কাটা ও মাড়াইয়ের কাজেও যন্ত্র ব্যবহার করছে। এগুলো দেখে তিনি ভাবলেন, সমাজে আজ অনেক পরিবর্তন হয়েছে।

ক. শিল্পায়ন কী? ১
খ. সামাজিক পরিবর্তনের ভৌগোলিক কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে সজল আলীর গ্রামে কৃষিক্ষেত্রে কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উক্ত বিষয়টি সমাজে বেকারত্ব বৃদ্ধির পাশাপাশি প্রতিযোগিতার তীব্রতাও বৃদ্ধি করে'— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৯. ▶ পত্র-পত্রিকা খুললেই নানা অনিয়ম, দুর্নীতি চোখের সামনে ভেসে ওঠে। দারিদ্র্যপীড়িত এ সমাজে জনসংখ্যা বৃদ্ধির সাথে বেকারত্ব যে হারে বাড়ছে

তাতে সমাজকে আজ বেশ খেসারত দিতে হচ্ছে। তরুণরা হতাশাগ্রস্ত হয়ে মাদকদ্রব্যে আসক্ত হচ্ছে এবং বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে। আর সামাজিক অবক্ষয়জনিত এ সমস্ত কারণে সমাজে বিরাজ করছে একটি বিশৃঙ্খল পরিবেশ। এ ব্যাপারে সচেতন নাগরিকগোষ্ঠী ও আইনশৃঙ্খলা বাহিনী যৌথভাবে কাজ করলে তা অনেকাংশেই দূর করা সম্ভব।

ক. জাতীয় সংসদে মাদকদ্রব্য আইন কত সালে পাস হয়? ১

খ. সামাজিক বিশৃঙ্খলা বলতে কী বোঝা? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির প্রকৃতি ও বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয় পাঠের যে কোনো একটি তাত্ত্বিক যুক্তিভিত্তি বিশ্লেষণ কর। ৪

১০. ▶ রনজিত কুমারের বিয়ের দু'বছরের মাথায় তার স্ত্রী একটি কন্যা সন্তানের জন্ম হওয়ায় সে খুব মন খারাপ করে। সে কন্যার ভবিষ্যৎ নিয়ে দুর্ভাবনায় পড়ে। অন্যদিকে, পরবর্তীতে একটি পুত্র সন্তান জন্মলাভের সাথে সাথে শঙ্খ বাজিয়ে তার আগমনকে স্বাগত জানায়।

ক. নিরক্ষর শব্দের অর্থ কী? ১

খ. সামাজিক নিয়ন্ত্রণে পরিবারের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. দীলিপ সাহার ঘটনায় বাংলাদেশের কোন সামাজিক সমস্যার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর যে, বাংলাদেশের গ্রামীণ ও শহুরে পরিবারের পরিবর্তনের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ কারণ? উত্তরের পক্ষে মতামত দাও। ৪

১১. ▶ রাবেয়ার বিয়ে হয়েছে এক দরিদ্র পরিবারে। অভাবের তাড়নায় সে অতিষ্ঠ হয়ে নিজে কিছু করার চিন্তা করে। কিন্তু অর্থাভাবে সে এগুতে পারেনা। পাশের বাড়ির রহিমার কাছে এক বেসরকারী সংস্থার কথা জানতে পেরে সে যোগাযোগ করে। উক্ত বেসরকারী সংস্থা তাকে ক্ষুদ্র ঋণদানের পাশাপাশি হাঁস-মুরগী পালন ও বাগান করার প্রশিক্ষণও দেয়। এর ফলে কিছুদিনের মধ্যে সে স্বাবলম্বী হয়।

ক. কোন সালে সরকার ভিলেজ এইড প্রোগ্রামের কর্মসূচি চালু করে? ১

খ. সামাজিক উন্নয়ন বলতে কী বোঝায়? ২

গ. রাবেয়ার মত দরিদ্র মহিলাদের ক্ষমতায়নে বেসরকারী সংস্থার ভূমিকা উল্লেখ কর। ৩

ঘ. 'বাংলাদেশের আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ের গুরুত্ব অপরিসীম।'— মতামত দাও। ৪

https://teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. নিচের কোনটি দেশের দক্ষিণাঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠী?
   ক) সাঁওতাল   খ) ওঁরাও
   গ) মণিপুরি   ঘ) রাখাইন

২. শালবন বিহার কোন প্রত্নতাত্ত্বিক স্থানের নিদর্শন?
   ক) মহাস্থানগড়   খ) পাহাড়পুর
   গ) ময়নামতি   ঘ) উয়ারী-বটেশ্বর

৩. নব্যপ্রস্তর যুগে মানুষ হাতিয়ার তৈরি করে কেন?
   ক) শিকার করতে   খ) কৃষিকাজ করতে
   গ) আত্মরক্ষা করতে   ঘ) যুদ্ধ করতে

৪. সিন্ধু সভ্যতা কখন ধ্বংসপ্রাপ্ত হয়?
   ক) খ্রিষ্টপূর্ব ২৫০০ অব্দে
   খ) খ্রিষ্টপূর্ব ২৬০০ অব্দে
   গ) খ্রিষ্টপূর্ব ২৭০০ অব্দে
   ঘ) খ্রিষ্টপূর্ব ২৮০০ অব্দে

৫. বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে কোনটি শিক্ষার্থীদের জীবনে ভিন্ন প্রভাব রাখে?
   ক) শিক্ষার উন্নত সরঞ্জাম
   খ) শিক্ষার বিভিন্ন পদ্ধতি ও ব্যবস্থা
   গ) শিক্ষকদের বিচিত্র মনমানসিকতা
   ঘ) শিক্ষাক্ষেত্রে সরকার প্রদত্ত বৃত্তি প্রদান

৬. সংস্কৃতি জাতির কী বহন করে?
   ক) আইন   খ) রীতি
   গ) পরিচয়   ঘ) ধর্ম

৭. দান বা উপহার—
   i. সামাজিক বন্ধনকে দৃঢ় করে
   ii. সামাজিক সংহতি হ্রাস করে
   iii. পারস্পরিক মানবসম্পর্কের উন্নতি ঘটায়
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৮. বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা—
   i. সামাজিক পরিকল্পনা বাস্তবায়ন
   ii. সামাজিক সমস্যা অনুধাবন
   iii. শিক্ষা ব্যবস্থার উন্নয়নকল্পে
   নিচের কোনটি সঠিক ?
   ক) i ও ii   খ) i ও iii
   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৯. বাংলাদেশে সমাজবিজ্ঞান বিকাশে জাতিসংঘের কোন সংস্থা অবদান রেখেছে?
   ক) ইউনেস্কো
   খ) ইউনিসেফ
   গ) আই.এল.ও
   ঘ) বিশ্ব স্বাস্থ্য সংস্থা

১০. প্রাচীন ভারতীয় উপমহাদেশের দার্শনিকরা কোন বিষয়ে অধিক গুরুত্বারোপ করেছিলেন?
   ক) অর্থনৈতিক বিষয়   খ) রাজনৈতিক বিষয়
   গ) সামাজিক বিষয়   ঘ) ধর্মীয় বিষয়

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

নমিতা একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। তাদের জীবিকার প্রধান উপায় হলো কৃষি। তাদের কৃষি পদ্ধতিকে জুমচাষ বলে। বর্তমানে তারা হাল চাষেও অভ্যস্ত হচ্ছে।

১১. নমিতা কোন নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত?
   ক) সাঁওতাল   খ) গারো
   গ) মণিপুরি   ঘ) চাকমা

১২. উক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠীর ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো—
   i. পরিবারের ক্ষমতা পিতা বা বয়স্ক পুরুষের হাতে ন্যস্ত
   ii. বহুস্ত্রী বিবাহ অনুমোদিত
   iii. তারা খ্রিষ্ট ধর্মাবলম্বী
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) ii ও iii
   গ) i ও iii   ঘ) i, ii ও iii

১৩. পাকিস্তান গণপরিষদের অধিবেশনে উর্দু ভাষায় কার্যক্রম শুরু হলে কারা প্রতিবাদ শুরু করে?
   ক) পূর্ব পাকিস্তানের রাজনীতিবিদরা
   খ) পূর্ব পাকিস্তানের ছাত্রসমাজ
   গ) পূর্ব পাকিস্তানের শিক্ষিত সমাজ
   ঘ) পূর্ব পাকিস্তানের সাধারণ মানুষ

১৪. মুহম্মদ আলী জিন্নাহর 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা'— এ উক্তির প্রতিবাদ জানায় ছাত্ররা। তাদের প্রতিবাদের যুক্তি ছিল—
   i. পাকিস্তানের শতকরা ৫৬ জনের মাতৃভাষা বাংলা
   ii. উর্দু কোনো অঞ্চলেরই মাতৃভাষা ছিল না
   iii. উর্দু ছিল একটি অপ্রচলিত ভাষা
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii   খ) ii ও iii
   গ) i ও iii   ঘ) i, ii ও iii

১৫. 'এক ব্যক্তি এক ভোটের' ভিত্তিতে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠার কথা বলা হয় কখন?
   ক) বঙ্গবন্ধুর ছয় দফা আন্দোলনে
   খ) যুক্তফ্রন্টের নির্বাচনের সময়
   গ) ছাত্রদের ১১ দফা আন্দোলনের সময়
   ঘ) অসহযোগ আন্দোলনের সময়

Teachingbd24.com

১৬. ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র বিভাগ হওয়ার পূর্বে সমাজবিজ্ঞান কোন বিষয়ের অন্তর্ভুক্ত ছিল-
ক অর্থনীতি খ ইতিহাস
গ সমাজকল্যাণ ঘ রাষ্ট্রবিজ্ঞান

১৭. কত সালে অধ্যাপক নাজমুল করিম সমাজবিজ্ঞান বিভাগের দায়িত্ব গ্রহণ করে?
ক ১৯৫৮ সালে খ ১৯৫৯ সালে
গ ১৯৬০ সালে ঘ ১৯৬১ সালে

১৮. সমাজবিজ্ঞান সমীক্ষণ গ্রন্থের লেখক কে?
ক রংগলাল সেন
খ হাসানুজ্জামান চৌধুরী
গ এক ইমাম আলী
ঘ এ. কে. নাজমুল করিম

১৯. 'Culture is what we are and Civilization is what we use' সংজ্ঞাটি কে প্রদান করেছেন?
ক ই.বি. টেইলর
খ আর. এম. ম্যাকাইভার
গ ট্যালকট পারসন্স
ঘ ম্যাক্স ওয়েবার

২০. সংস্কৃতি জাতির কী বহন করে?
ক আইন খ রীতি
গ পরিচয় ঘ ধর্ম

২১. বাংলাদেশে সামাজিক নিয়ন্ত্রণের মাধ্যম হিসাবে বিবেচিত হয়-
i. পেশিশক্তি ii. অর্থনীতি
iii. লোকাচার
নিচের কোনটি সঠিক?
ক i খ iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
পশ্চিম পাকিস্তানের লোকসংখ্যার ক্ষেত্রে পূর্ব পাকিস্তান সংখ্যাগরিষ্ঠ হওয়া সত্ত্বেও উন্নয়নের ক্ষেত্রে পূর্ব পাকিস্তান ক্রমাগত উপেক্ষিত হতে থাকে। ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলেও বঙ্গবন্ধুকে পাকিস্তানের প্রধানমন্ত্রীর পদ দেওয়া হয়নি।

২২. উদ্দীপকে পশ্চিম পাকিস্তানের শাসকদের মনোভাব প্রকাশ পেয়েছে—
i. আমলাতান্ত্রিক মনোভাব
ii. ন্যায়নীতির অভাব iii. অসৎ উদ্দেশ্য
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ iii ঘ i, ii ও iii

২৩. পূর্ব পাকিস্তানের সাথে পশ্চিম পাকিস্তানের মিল ছিল—
i. ভাষা ii. ধর্মে iii. বর্ণ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

২৪. শালবন বিহারটি দেখে মানুষ বিস্মিত হয়। এর যথার্থ কারণ হচ্ছে বিহারটি-
i. গঠন বৈশিষ্ট্যের চমৎকার
ii. শিল্প পরিকল্পনা বৈজ্ঞানিক
iii. দেখতে খুব সুন্দর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. ইংরেজি রেস (Race) শব্দের বাংলা পরিভাষা কোনটি?
ক সংস্কৃতি খ জাতি
গ নৃগোষ্ঠী ঘ সমাজ

২৬. বর্তমানে চাকমারা কোন ভাষায় কথা বলে?
ক বাংলা ভাষায়
খ আরাকানি ভাষায়
গ বাংলা উপভাষায়
ঘ চাকমা ভাষায়

২৭. রাখাইনরা বসবাস করে—
i. আমতলী
ii. গলাচিপা
iii. খাগড়াছড়ি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. তমদ্দুন মজলিশ কর্তৃক গঠিত রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের আহ্বায়ক কে ছিলেন?
ক এ. কে. ফজলুল হক
খ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ নূরুল হক ভূঁইয়া
ঘ অধ্যাপক আবুল কাশেম

২৯. ভাষা আন্দোলনের অন্যতম তাৎপর্য কোনটি?
ক বাঙালি জাতীয়তাবাদের প্রেরণা
খ বাঙালির স্বাধীনতার অর্জন
গ বাঙালির অর্থনৈতিক মুক্তি
ঘ বাঙালির সামরিক মুক্তি

৩০. কোথায় ঐতিহাসিক ছয় দফা প্রস্তাব পেশ করা হয়?
ক লাহোরে খ পাঞ্জাবে
গ ইসলামাবাদে ঘ অমৃতসরে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

https://teachingbd24.com